

মেয়র আনিসুলের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৫:৫৮ পি.এম, ৩০ নভেম্বর ২০১৭



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র আনিসুল হকের মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

বৃহস্পতিবার রাতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং থেকে পাঠানো এক শোকবার্তায় শেখ হাসিনা বলেন, জনকল্যাণ ও সেবামূলক কাজের মাধ্যমে তিনি সাধারণ মানুষের মনে স্থান করে নিয়েছিলেন।

তিনি আরও বলেন, জনবান্ধব এই মেয়রের মৃত্যুতে দেশ ও জাতি একজন নিবেদিত প্রাণ জনপ্রতিনিধিকে হারাল।

প্রধানমন্ত্রী মরহমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানান।